

Ex/CL/PG/4.2B/80/2019

MASTER OF ARTS EXAMINATION, 2019

(2nd Year, 4th Semester)

COMPARATIVE LITERATURE

Course - CL/PG/4.2B

(বাংলাদেশের সাহিত্য - ২)

Full Marks : 30

Time : Two Hours

সব প্রশ্নের মান সমান।

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর বাংলা অথবা ইংরাজিতে লিখতে হবে।

- ১।(ক) লালসালু উপন্যাসে সৈয়দ ওয়ালীউল্লাহ ধর্ম ও রাজনীতির অশুভ আঁতাতের যে সুনিপুণ চিত্র উপস্থাপন করেছেন তার দৃষ্টান্তসহ আলোচনা কর। এই আঁতাতকে উপন্যাসে তিনি কীভাবে মোকাবিলা করেছেন বুঝিয়ে দাও।

অথবা,

- (খ) “আখতারুজ্জামান ইলিয়াসের ‘খোয়াবনামা’ যে একদিক থেকে ‘আনন্দমঠ’-এর পান্টা প্রস্তাব সে কথা ভুলে গেলে কোনমতেই চলে না”— খোয়াবনামা উপন্যাসের পাঠ এই উক্তিকে সমর্থন করে? উপযুক্ত উদাহরণসহ আলোচনা কর।

[Turn over]

[2]

২।(ক) শাসকশ্রেণি দমন ও শোষণের মাধ্যমে কীভাবে সমাজের ক্ষমতাকাঠামো টিকিয়ে রাখে, তা 'নামহীন গোত্রহীন' এবং 'লখিন্দর' গল্পের বিশ্লেষণের মধ্যে দিয়ে আলোচনা কর।

অথবা,

(খ) বাংলাদেশের ছোটগল্পগুলির বিচিত্র তথা বহুমুখী বিষয়নির্বাচনের মধ্যে দিয়ে বাংলাদেশের সমাজ ও রাষ্ট্রের এক 'সামগ্রিক' অবয়বের আভাস মেলে। আলোচনা কর।

৩।(ক) সূর্য দীঘল বাড়ি উপন্যাসের আখ্যান আদতে ক্ষমতার প্রতি অন্ত্যজ শ্রেণির উচ্চারিত এক 'না'-এর উপর নির্ভরশীল। মন্তব্যটি আলোচনা কর।

অথবা,

(খ) জাহানারা ইমামের “একাত্তরের দিনগুলি” শীর্ষক স্মৃতিকথায় মুক্তিযোদ্ধা পরিবারের বহুমাত্রিক সংকট কীভাবে ফুটে উঠেছে তা দৃষ্টান্তসহ আলোচনা কর।